দৈনিক ইনকিলাব

048

তারিখ 21 MAR 1988

পৃষ্ঠা 1 কলাম 1

# ছাত্র সংঘর্ষকে কেন্দ্র করে চট্টগ্রাম মেডিকেল কলেজ বন্ধ ঘোষণা

।। চট্টগ্রাম ব্যুরো ।।

চট্টগ্রাম, ২০ মার্চ।— চট্টগ্রাম মেডিকেল কলেজে, দু'দল ছাত্রের মধ্যে সংঘর্ষের ফলে পরিস্থিতির চরম অবনতি ঘটায় কর্তৃপক্ষ আজ থেকে মেডিকেল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেছেন। বিকাল ৫টার মধ্যে ছাত্র-ছাত্রীদের হল ত্যাগের নির্দেশ প্রদান করায় অধিকাংশ ছাত্র-ছাত্রী হল ছেড়ে চলে গেছে।

গত শুক্রবার লুৎফুস সালাম স্মৃতি ক্রিকেট টুর্নামেন্টের একটি খেলায় একজন খেলোয়াড়কে না নেয়ার ঘটনাকে কেন্দ্র করে সংঘর্ষের সূত্রপাত হয়। গতকাল (শনিবার) রাতে কলেজ ক্যাম্পাসে ব্যাপক বোমাবাজির পর প্রতিদ্বন্দ্বী ছাত্ররা ছাত্রাবাসের ৮টি কক্ষে আগুন ধরিয়ে দেয়।

অবস্থার আরো অবনতি ঘটার আশংকায় আজ (রোববার) সকালে চট্টগ্রাম মেডিকেল কলেজ কর্তৃপক্ষ কলেজ বন্ধের সিদ্ধান্ত নেন। তবে এমবিবিএস

শেষ পৃঃ ২-এর কঃ দেখুন

৫ দলের সভা

## চট্টগ্রাম মেডিকেল

প্রথম পৃষ্ঠার পর

৪র্থ ও ৫ম বর্ষের চূড়ান্ত পরীক্ষা যথা নিয়মে অনুষ্ঠিত হবে বলে কর্তৃপক্ষ জানান।